যুগান্তর

তারিখ 20 OCT 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

# ‘কৈশোর তারুণ্যে বই’

নগর সংস্কৃতি

সাংস্কৃতিক রিপোর্টার

‘কৈশোর তারুণ্যে বই’— শিরোনামে ধানমণ্ডি ছায়ানট সংস্কৃতি-ভবনে শুরু হয়েছে ৫ দিনের বইমেলা। ১১টি প্রকাশনা প্রতিষ্ঠানের উদ্যোগে এ মেলার আয়োজন করা হয়েছে। বুধবার মেলা উদ্বোধনীর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংবাদিক তুষার আবদুল্লাহ, সময় প্রকাশনীর প্রধান নির্বাহী ফরিদ আহমেদ, জাগৃতির রাজিয়া রহমান জলি, ইকরিমিকরি প্রকাশক মাহবুবুল হক, লেখক জয়নাল হোসেন, মেলার সমন্বয়ক অ্যাডর্ন পাবলিকেশন্সের প্রধান নির্বাহী সৈয়দ জাকির হোসাইন। এ সময় ছায়ানট ও নালন্দা শিশু শিক্ষালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিল। বইমেলা রোজ সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত চলবে।

**ডব্লিউপিপিবি আন্তর্জাতিক কনফারেন্স শুরু আজ :** আজ থেকে রাজধানীর খামারবাড়ির কৃষিবিদ ইন্সটিটিউশনে শুরু হতে যাচ্ছে বাংলাদেশের সবচেয়ে বড় ওয়েডিং ফটোগ্রাফি বিষয়ক আয়োজন পেপার ওয়ার্ল্ড প্রেজেন্টস ডব্লিউপিপিবি আন্তর্জাতিক কনফারেন্স, কম্পিটিশন এবং এক্সপো-২০১৬। এটি শনিবার পর্যন্ত চলবে। বিকাল ৪টায় কৃষিবিদ ইন্সটিটিউশনে এ আয়োজনের উদ্বোধন করবেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। রোজ সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত কনফারেন্স ও মাস্টার ক্লাস হবে কৃষিবিদ ইন্সটিটিউশনের থ্রিডি থিয়েটার হলে, এক্সপো চলবে হল ১, ২, ৩ এবং ৪-এ, এবং প্রদর্শনী হবে চতুর্থ তলার লবিতে। সারা দেশ থেকে ৫৬৭ অংশগ্রহণকারীর কাছ থেকে ছয় হাজারেরও বেশি জমা পড়া আলোকচিত্রের মধ্য থেকে বাছাইকৃত ২০০টি ছবি দিয়ে সাজানো হয়েছে এ প্রদর্শনী। বুধবার বিশ্বসাহিত্য কেন্দ্রে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান বিশ্বসেরা ফটোগ্রাফার যুক্তরাষ্ট্রের ডেভিড বেকস্টেড, পেপার ওয়ার্ল্ডের চেয়ারম্যান খোরশেদ আলম, ডব্লিউপিপিবির প্রেসিডেন্ট প্রীত রেজা প্রমুখ। এবার ডব্লিউপিপিবির পক্ষ থেকে আজীবন সম্মাননা দেয়া হবে প্রবীণ আলোকচিত্রী রফিকুল ইসলামকে।

**প্রয়াত সাংস্কৃতিক ব্যক্তিত্বদের স্মরণ** : ‘স্মৃতি সত্তা ভবিষ্যৎ’ শীর্ষক ৮ দিনের আয়োজনে বুধবার সপ্তম সন্ধ্যায় কথামালা ও গানে গানে প্রয়াত ওস্তাদ আলাউদ্দিন খাঁ, ওস্তাদ আয়াত আলী খাঁ, পণ্ডিত রবিশংকর, ওস্তাদ আলী আকবর খাঁকে স্মরণ করেছে বাংলাদেশ শিল্পকলা একাডেমি। একাডেমির সঙ্গীত ও নৃত্যকলা কেন্দ্র মিলনায়তনের এ অনুষ্ঠানে মুখ্য আলোচক ছিলেন মোবারক হোসেন খান এবং আলোচক ছিলেন ইউডার সঙ্গীত বিভাগের শিক্ষক অসিত কুমার দে ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত বিভাগের শিক্ষক প্রিয়াংকা গোপ। এতে সভাপতিত্ব করেন একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী। সাংস্কৃতিক পর্বে একক সঙ্গীত পরিবেশন করেন প্রিয়াংকা গোপ। শিল্পীকে সরোদে সহযোগিতা করেন ড. শাহাদাৎ হোসেন খান, সেতারে ছিলেন রীনাত ফৌজিয়া, তবলায় লহরা জাকির ও সারেঙ্গীতে ছিলেন সঞ্জিব ও মতিয়ার রহমান।